175

দৈনিক সংবাদ

তারিখ ··· MAR 11 1999 ··· ···
পৃষ্ঠা ··· কলাম ···

নির্বাচনে ছাত্রলীগ জয়ী

# শেরপুর কলেজে সংঘর্ষ, আহত ৩০

শেরপুর থেকে সংবাদদাতা ঃ শেরপুর সরকারি কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে গত মঙ্গলবার রাতে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মাঝে ব্যাপক সংঘর্ষ-সংঘাতে ৫ জন পুলিশসহ উভয়পক্ষে কমপক্ষে ৩০ জন আহত হয়েছে। গুলিবিদ্ধ ২ জন পুলিশকে মুমূর্ষু অবস্থায় ঢাকার পঙ্গু হাসপাতালে প্রেরণ করা হয়েছে। ঘটনাস্থল থেকে পুলিশ ২ ছাত্রদল কর্মীকে গ্রেফতার করেছে।

মঙ্গলবার শান্তিপূর্ণভাবে ছাত্র সংসদ নির্বাচন শেষ হওয়ার পর ফলাফল ঘোষণার প্রাক্কালে সন্ধ্যা সাড়ে ৬টা থেকে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ক্যাম্পাসের দখল নিয়ে সংঘর্ষ বেধে যায়। এ সময় উভয়পক্ষের কর্মীরা কাটা রাইফেল, রিভলবার, ককটেল, বোমা, রামদা, হকিস্টিক, ইট-পাটকেল ব্যবহার করে।

সংঘর্ষ চলাকালে পুলিশের নায়েক ফজলুল হক ও শহীদুল ইসলাম বুলেটবিদ্ধ হয়। আহত ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে কয়েকজন গুলিবিদ্ধও রয়েছে। পুলিশ আলাল এবং আফসার উদ্দিন টিটু নামে ২ ছাত্রদল কর্মীকে ঘটনাস্থল থেকে গ্রেফতার করেছে। কলেজ কর্তৃপক্ষ ২ দিনের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

মঙ্গলবারের নির্বাচনে ছাত্র সংসদের ২১টি পদের মধ্যে ছাত্রলীগ সমর্থিত বায়েজিদ-লিপ্টন পরিষদ ভিপি-জিএসসহ ১৮টি পদে এবং ছাত্রদল সমর্থিত জিতেন-সাইফুল পরিষদ এজিএসসহ ২টি পদে জয়লাভ করেছে। প্রমোদ সম্পাদক পদে সমান সমান ভোট পাওয়ায় ফলাফল স্থগিত করা হয়েছে বলে কলেজ কর্তৃপক্ষ সূত্রে জানা যায়।